JHSPH HUMAN SUBJECTS RESEARCH ETHICS
FIELD TRAINING GUIDE

মানব বিষয়ক গবেষনার নৈতিকতা বিষয়ক জে এইচ এস পি এইচ ফিল্ড প্রশিক্ষন নির্দেশিকা

যাঁরা মানব সম্পর্কিত গবেষনা কর্মকান্ডের সাথে জড়িত তাদের প্রশিক্ষনের উপকরন হিসেবে ব্যবহারের অভিপ্রায়ে এ নির্দেশিকা তৈরি হয়েছে। এই নির্দেশিকা জন্স হপকিন্সের প্রধান গবেষকগনের জন্য বিশেষভাবে প্রযোজ্য যাঁরা স্টাডি টিম মেম্বার যারা (১) গবেষনায় অংশগ্রহনকারীদের কাছ থেকে অবহিত সম্মতি গ্রহন করবেন অথবা (২) অংশগ্রহনকারী লোকদের কাছ থেকে একক বা দলীয় ভাবে সাক্ষাৎ গ্রহনের মাধ্যমে তথ্য সংগ্রহ, দৈহিক পরিমাপ বা অংশগ্রহনকারীর সরাসরি সংস্পর্শে অন্যান্য গবেষনার কার্যপ্রনালী বাস্তবায়ন করবেন যাদের বলা হয় "তথ্য সংগ্রহকারী" তাঁদের প্রশিক্ষন প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত। এ গাইডের উপাদান ও ভাষার স্তর বিশেষ করে মৌলিক গবেষনার নীতি ও গবেষনার আচরন বিধি সম্পর্কিত তথ্য সংগ্রহকারীদের কাছে প্রচারে গবেষককে সাহায্য করবে। আমারা উৎসাহিত করছি যিনি এ দলিল নিজের ভাষায় অনুবাদ করবেন তিনি যেন তার যোগ্যতার সনদপত্র সহ আমাদের অফিসে (irboffice@jhsph.edu) জমা দেন যাতে করে আমরা আমাদের গবেষকদের কাছে সহজ লভ্য করতে পারি।

TABLE OF CONTENTS

1. Ethical Interaction with Human Participants (মানব অংশগ্রহনকারীদের সাথে নৈতিক যোগাযোগ)

a. Role of the Data Collector (তথ্য সংগ্রহকারীর ভূমিকা)

b. Importance of Respect (সম্মানের গুরুত্ব)

c. Voluntary Participation (স্বেচ্ছায় অংশগ্রহন)

d. Informed Consent (অবহিত সম্মতি)

e. Vulnerable Populations (ঝুঁকিপূর্ন জনগোষ্ঠি)

f. Personal Privacy (ব্যক্তিগত গোপনীয়তা)

g. Protection of Personal Information (ব্যক্তিগত তথ্য সংরক্ষন)

h. Response to Participant Questions (অংশগ্রহনকারীর প্রশ্নের উত্তর প্রদান)

2. Data Integrity (তথ্যের শুদ্ধতা)

a. Respect for the Science of the Study (গবেষনার প্রতি সম্মান প্রদর্শন)

b. Collecting, Recording, and Storing Study Data (গবেষনার তথ্য সংগ্রহ, নথিভুক্ত এবং সংরক্ষন)

c. Deviations from Study Procedures (গবেষনার কার্যপ্রনালী থেকে বিচ্যুতি)

1. Ethical Interaction with Human Participants (মানব অংশগ্রহনকারীদের সাথে নৈতিক যোগাযোগ)

a. Role of the Data Collector (তথ্য সংগ্রহকারীর ভূমিকা)

গবেষনা দলের পক্ষে যিনি তথ্য সংগ্রহ করবেন তিনি ও গবেষনার একজন প্রতিনিধি। কখনও কখনও একজন তথ্য সংগ্রহকারী গবেষনা দলের একমাত্র সদস্য হন যার সাথে গবেষনায় অংশগ্রহনকারীর যোগাযোগ থাকে।

অংশগ্রহনকারী যিনি তার সাথে দেখা করবেন তার মাধ্যমে তিনি গবেষনা সম্পর্কে ভালো বা খারাপ ধারনা নিতে পারেন যা নির্ভর করে তথ্য সংগ্রহকারী কিভাবে নিজেকে উপস্থাপন করবেন। তথ্যসংগ্রহকারীর দায়িত্ব থাকবে যে তিনি নিশ্চিত হবেন তিনি যে ব্যক্তিদের তথ্য সংগ্রহ করছেন তারা তা করতে রাজি আছেন কি না। তথ্যসংগ্রহকারী অবশ্যই নিশ্চিত হবেন যে তিনি যে তথ্য সংগ্রহ ও নথিভুক্ত করছেন তা সঠিক এবং তা হারিয়ে যাওয়া থেকে সংরক্ষিত। অন্যথায় গবেষনার উদ্দেশ্য অর্জন হবে না। সাফল্য পেতে হলে তথ্যসংগ্রহকারীকে অবশ্যই গবেষনার পরিকল্পনা, গবেষনা কার্যক্রমের মানুয়্যাল এবং অংশগ্রহনকারী মানুষের সাথে সম্পর্কিত অন্যান্য কার্যপ্রনালী সতর্কতার সাথে অনুসরন করতে হবে।

b. Respect *(সম্মান)*

প্রত্যেক ব্যক্তি যিনি গবেষনা দলের সদস্য অবশ্যই সম্মান প্রদর্শন করবেন

- the goals of the research project, *(গবেষনা প্রকল্পের সাফল্যের প্রতি)*
- the leaders of the project, *(প্রকল্পের নেতৃত্বের প্রতি)*
- the individual study participant, *(অংশগ্রহনকারী ব্যক্তির প্রতি)*
- the participant community and *(অংশগ্রহনকারীর সমাজের প্রতি এবং)*
- the data collected that will help achieve project objectives. *(গবেষনার উদ্দেশ্য সম্পাদনের জন্য যে তথ্য সংগ্রহ করা হয়েছে)*

গবেষনা প্রকোল্পের মাধ্যমে সমাজের জন্য গুরুত্ব পূর্ন উপকারীতা পর্যবেক্ষন করা হবে কিন্তু তা তখনই সম্ভব হবে যখন গবেষনা দল গবেষনার সকল অংশ সম্পূর্ন করবেন। প্রত্যেক গবেষনা দলের সদস্য অবশ্যই অংশগ্রহনকারীর সমাজের সকল সদস্যের সাথে যে কোন আচরন সম্মানের সাথে করবেন। যেমন সম্মান প্রদর্শন করতে হবে অংশগ্রহনকারীর সমাজের সংস্কৃতি, লিঙ্গ, সামাজিক মর্যাদা, ধর্ম এবং সম্মানের অন্যান্য বৈশিষ্ট্য যা প্রত্যেক মানুষের মাঝে পার্থক্যের সৃষ্টি করে এবং তাদের প্রশ্ন করার অধিকার। ব্যক্তি কখনও গবেষনায় অংশগ্রহন করে বা সঠিক তথ্য প্রদানের মাধ্যমে সাহায্য করবে না যদি না গবেষনা দলের সদস্যরা অংশগ্রহনকারীর হ্যাঁ বা না বলার অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করেন।

তথ্যসংগ্রহকারী প্রত্যেক অংশগ্রহনকারীকে সম্মান প্রদর্শনের মাধ্যমে গবেষনার উদ্দেশ্য ও তথ্য সংগ্রহের গুরুত্বের বিষয় প্রচার করবেন। যেমনঃ

* অংশগ্রহনকারী অংশগ্রহনের ইচ্ছা পোষন করেন বা না করেন সবসময় তার সাথে শ্রদ্ধ ব্যবহার করতে হবে।

*যদি তথ্যসংগ্রহকারী প্রশ্ন জিজ্ঞেস করেন তবে পরিস্কার আওয়াজে জিজ্ঞেস করবেন।

*তথ্য পরিস্কার ভাবে তথ্য সংগ্রহের কাগজে নথিভুক্ত করবেন।

* যদি অংশগ্রহনকারী কোন প্রশ্ন করেন তবে সঠিক উত্তর দিবেন। আপনার উত্তর জানা না থাকলে সম্ভব হলে আপনার সুপারভাইজারের কাছ থেকে উত্তর সংগ্রহ করবেন, অংশগ্রহনকারীকে বলুন উত্তর জেনে তা তাকে জানাবেন।

* যখন গবেষনা কার্য প্রনালী সম্পন্ন হবে তখন অংশগ্রহনকারীকে ধন্যবাদ দিন।

c. Voluntary Participation *(স্বেচ্ছায় অংশগ্রহন)*

গবেষনা প্রকোল্পের জন্য কোন একক ব্যক্তির প্রয়োজন না ও হতে পারে। যদি গবেষনা প্রকল্পে অবহিত সম্মতি প্রক্রিয়ার প্রয়োজন হয় তখন প্রত্যেক ব্যক্তিকে একজন গবেষনা দলের সদস্য অনুরোধ করবেন কিন্তু তার অধিকার থাকবে গবেষনা সম্পর্কে শোনা থেকে প্রত্যাখান করার বা গবেষনায়

অংশগ্রহণ প্রত্যাখান করার। যদিও কোন ব্যক্তি গবেষনায় অংশগ্রহণ করার পরেও সার্ভের কোন নির্দিষ্ট প্রশ্নের উত্তর দিতে বা নমুনা দিতে বা পরীক্ষা করতে প্রত্যাখান অথবা সিদ্ধান্ত নিতে পারেন যেকোন সময় নিজেকে গবেষনা থেকে প্রত্যাহার করতে।

গবেষনা দলের সদস্য যিনি অবহিত সম্মতি গ্রহন করবেন তাকে অবশ্যই নিশ্চিত হতে হবে যে ঐ ব্যক্তি গবেষনা সম্পর্কে অবগত হয়েছেন এবং সত্যই রাজি হয়েছেন গবেষনায় অংশগ্রহণ করতে কিন্তু কোন ভয়ে বা বলপূর্বক অংশগ্রহণ করছেন না।

d. Informed Consent *(অবহিত সম্মতি)*

যে ব্যক্তিকে অনুরোধ জানান হচ্ছে তাকে সঠিক ও বাস্তবিক তথ্য প্রদান মানব গবেষনার জন্য খুবই গুরুত্বপূর্ন। অবহিত সম্মতি একটি চলমান প্রক্রিয়া যা একজন গবেষনা দলের সদস্য গবেষনা সম্পর্কে অংশগ্রহণকারীকে ব্যখ্যা করে বলা থেকে শুরু হয়। অংশগ্রহনকারী সম্মতি পত্রে স্বাক্ষর প্রদান করা এবং গবেষনায় অংশগ্রহনে রাজি হলেই অবহিত সম্মতিপ্রক্রিয়া শেষ হয় না। গবেষনা চলাকালীন সময়ে ও প্রক্রিয়া চলতে থাকবে; যেমন ও প্রক্রিয়া প্রতিবার তথ্য সংগ্রহকারীর সাথে সাক্ষাতের সময়ে ও চলবে। কোন গবেষনায় অংশগ্রহনের ব্যাপারে কোন সত্য সম্মতি নেই যদি না অংশগ্রহনকারী যথাযথ ভাবে গবেষনা সম্পর্কে অবগত হন যা তাকে জানানো হচ্ছে। গবেষনা দলকে পূর্বেই নিশ্চিত হতে হবে কতটুকু জানা পর্যাপ্ত এবং কি ভাবে ও তথ্য প্রদান করা হবে। যিনি অবহিত সম্মতি গ্রহন করবেন তার কাজ হবে উপযুক্ত অংশগ্রহনকারীকে এমন ভাষায় গবেষনার তথ্য উপস্থাপন করা যাতে করে তিনি গবেষনার উদ্দেশ্য, কর্মপ্রক্রিয়া, ঝুকিঁ এবং উপকারীতা সম্পর্কে অবগত হন। ভাষা ও বলার ভঙ্গি অংশগ্রহনকারীকে উপলব্ধি করতে সাহায্য করবে। ঐ আলোচনায় অংশগ্রহনকারীকে যথেষ্ট সময় দিতে হবে যাতে তিনি প্রশ্ন করতে পারেন এবং চিন্তা করতে পারেন তিনি গবেষনায় অংশগ্রহন করবেন কি করবেন না।

সময়ের সাথে সাথে অংশগ্রহনকারীকে প্রশ্ন করে নিশ্চিত হওয়া যে অংশগ্রহনকারী গবেষনা সম্পর্কে বুঝতে পেরেছেন কখনও কখনও এটি খুবই গুরুত্বপূর্ন। গবেষনা দলের সদস্য যিনি সম্মতি গ্রহন করছেন তিনি অংশগ্রহনকারীকে প্রশ্ন করে নিশ্চিত হতে পারেন অংশগ্রহনকারী কি শিখেছেন এবং তিনি গবেষনা সম্পর্কে সঠিক উপলব্ধি করতে পেরেছেন। গবেষনা দলের সদস্যকে অংশগ্রহনকারীর বাহ্যিক অবস্থা দেখে সচেতন হতে হবে যে অংশগ্রহনকারী সন্দিহান বা অস্বস্তি বোধ করছেন কি না কিন্তু তা তাকে বলা যাবে না । যদি ও ধরনের অবস্থা পাওয়া যায় তবে গবেষনা দলের সদস্য তার সুপারভাইজারকে পরবর্তী নির্দেশনার জন্য অবহিত করবেন।

e. Vulnerable Populations *(ঝুঁকিপূর্ন জনগোষ্ঠি)*

কিছু জনগোষ্ঠির কোন গবেষনায় অংশগ্রহনের জন্য অনুরোধ করার ক্ষেত্রে অতিরিক্ত মনোযোগ ও যত্নবান হওয়া প্রয়োজন কারন তাদের যে অবস্থা তা তাদেরকে অবহিত সম্মতি গ্রহনের জন্য যা তাদেরকে বলা হচ্ছে তা তাদের জন্য উপলব্ধি করা কঠিন করে দেয়। যেমন, শিশুদের অতিরিক্ত তত্ত্বাবধায়নের প্রয়োজন হয় এবং তাদের অভিভাবক তাদের কিছু নির্দিষ্ট সিদ্ধান্ত প্রদান করেন। প্রাপ্ত বয়স্কদের যাদের স্মৃতিশক্তির ঘাটতি রয়েছে তাদের ক্ষেত্রে যা তাদের বলা হচ্ছে তা বুঝতে নাও পারেন। গবেষক যে গবেষনার পরিকল্পনা ও অপারেশন ম্যানুয়াল তৈরী করেন তাতে ও ধরনের ব্যক্তিদের যদি তারা গবেষনায় অংশগ্রহন করান তবে তাঁদের কি ভাবে অনুরোধ করতে হবে তা বলা থাকবে। গবেষনা দলের সদস্যকে ঝুঁকিপূর্ন জনগোষ্ঠিকে অর্ন্তভুক্ত করার ক্ষেত্রে সতর্কতার সাথে নিয়ম মেনে চলতে হবে কারন বেশীর ভাগ ক্ষেত্রে তাঁরা তাদের নিজেদের বিষয়ে সিদ্ধান্ত নিতে পারে না। যদি গবেষনায় যখন কোন লোককে অর্ন্তভুক্ত করা হয় যিনি তার নিজের সিদ্ধান্ত দিতে অপারগ হন তবে সে ক্ষেত্রে যখন কোন সেবাপ্রদানকারী বা উপযুক্ত প্রতিনিধি যাকে তার বিষয়ে সিদ্ধান্ত প্রদানের অধিকার দেয়া হয়েছে তাঁকে সহজলভ্য হতে হবে।

f. Personal Privacy *(ব্যক্তিগত গোপনীয়তা)*

প্রত্যেক ব্যক্তির তার গোপনীয়তার বিষয়ে অধিকার রয়েছে গবেষনা দলকে সে বিষয়ে বুঝতে হবে এবং সম্মান প্রদর্শন করতে হবে। যদিও সংস্কৃতি ও সাধারন ধারনা গোপনীয়তার বিষয়কে প্রবর্ধন না ও করতে পারে তবে সন্তাব্য সকল ক্ষেত্রে গোপনীয়তা রক্ষা করা গুরুত্বপূর্ন। যেমন, কোন রীতি অনুযায়ী আমন্ত্রন জানানো ছাড়া কোন ব্যক্তির গৃহে প্রবেশ নিষেধ হতে পারে। গবেষনা দলকে ও ধরনের রীতিকে সম্মান প্রদর্শন করতে হবে। অথবা, তথ্য সংগ্রহকারীর বাড়ী ভিজিট কৌতুহলি দর্শকদের আকর্ষন সৃষ্টি করবে যাদের উপস্থিতি অনাহুত এবং যা অংশগ্রহনকারী ও তথ্যসংগ্রহকারী উভয়কে তথ্য সংগ্রহপ্রক্রিয়া থেকে সরিয়ে দিবে। গবেষনা দলকে ও বিষয়ে অনুসন্ধান করে ওর সমাধান দিতে হবে। যখন একজন তথ্য সংগ্রহকারী গোপনীয়তার বিষয়ে অনুরোধ করবেন তখন উত্তরদাতা আশ্বস্ত হবেন তিনি তার পরিবারের আবাস স্থলকে সম্মান প্রদর্শন করছেন এবং এটি কোন প্রকাশ্য স্থান নয়।

কোন প্রকার অপ্রয়োজনীয় ব্যক্তিগত অস্বস্তি সৃষ্টি না করে গবেষণা দলের সদস্যকে অবশ্যই অংশগ্রহনকারীর ব্যক্তিগত গোপনীয়তার বিষয়ে সম্মান প্রদর্শন করতে হবে । যে সমস্ত তথ্য স্পর্শকাতর সেসমস্ত প্রশ্ন ও উত্তর এমন স্থানে করতে হবে যেখান থেকে অন্য কোন ব্যক্তি তা শুনতে না পারে। দৈহিক পরীক্ষা যে স্থানে হবে সে স্থানে অন্য লোক যেন দেখতে না পারে। একই সাথে, কিছু কিছু বিষয় আছে যেমন যৌন কর্মকান্ড, ব্যক্তিগত স্বাস্থ্য যা কোন ব্যক্তি প্রকাশ্যে আলোচনা পছন্দ না ও করতে পারেন।

g. Protection of Personal Information (ব্যক্তিগত তথ্য সংরক্ষন)

যখন কোন গবেষনায় অংশগ্রহনকারী তার ব্যক্তিগত তথ্য তথ্যসংগ্রহকারীর কাছে প্রকাশ করেন তখন তিনি তা প্রকাশিত হয়ে যাওয়ার ঝুঁকিতে থাকেন। তার অর্থ হচ্ছে তিনি গোপনীয়তা হারনোর ঝুঁকিতে থাকেন। ঝুঁকি হচ্ছে যদি কোন গবেষনা বহির্ভূত ব্যক্তি এ সকল ব্যক্তিগত তথ্য জেনে তাকে লজ্জিত বা চাকুরি চ্যুত, আইনগত ব্যবস্থা বা সামাজিক ক্ষতি সাধন করতে পারেন। গবেষণা দল এ ধরনের ক্ষতি সাধন থেকে অংশগ্রহনকারীকে রক্ষা করবেন।

একজন অংশগ্রহনকারী তার তথ্য প্রদান করার পর সেই ব্যক্তিগত তথ্য অবশ্যই গোপনীয়তার সাথে সংরক্ষন করতে হবে। কোন ব্যক্তি যার যথাযত অনুমতি নেই তিনি এ তথ্য দেখতে পারবেন না। যদি তথ্য কাগজে লেখা থাকে তবে তা সংরক্ষন করতে হবে যতক্ষন পর্যন্ত তা কেবিনেটে তালা দিয়ে রাখা হয়। গবেষকের মনোনীত গবেষনা কর্মী এ তথ্য নিয়ে কাজ করবেন। যদি এ তথ্য ইলেকট্রনিক হয় তবে তা এমন ভাবে সংরক্ষন করতে হবে যাতে অবৈধ ভাবে কোন ব্যক্তি তাতে প্রবেশ করতে না পারেন।

কখন ও কখন ও এ তথ্য সনাক্ত করার জন্য একটি র‍্যন্ডম স্টাডি নম্বর ব্যবহার হয়ে থাকে যাতে কেউ জানতে না পারেন কোন অংশগ্রহনকারী থেকে এ তথ্য নেয়া হয়েছে। কোন দলিলে যদি তার নাম ও আইডি নম্বর লিঙ্ক থাকে তবে তা নিরাপদ স্থানে তালা দিয়ে রাখতে হবে। গবেষনার পরিকল্পনা এবং অপারেশন মানুয়েল অনুসরন করতে হবে যাতে করে নিশ্চিত হওয়া যায় যে গবেষণার তথ্য সংরক্ষিত আছে যে ভাবে ম্যানুয়েলে বর্নিত আছে সেই নিয়ম অনুযায়ী।

h. Response to Participant's Questions (অংশগ্রহনকারীর প্রশ্নের উত্তর প্রদান)

একজন তথ্য সংগ্রহকারী বিভিন্ন লোকের সাথে দেখা করবেন যেমন সম্ভাব্য অংশগ্রহনকারী, গবেষনায় অংশগ্রহনরত অংশগ্রহনকারী, কৌতুহলি দর্শক যারা গবেষনার সাথে জড়িত নন যাদের গবেষনা সম্পর্কে প্রশ্ন থাকবে। কিছু লোক বুঝতে পারবেন না গবেষনা কি এবং গবেষক যারা এ গবেষনায় নেতৃত্ব দিচ্ছেন। তাদের সবরকম প্রশ্ন থাকবে যার কিছু আদৌ গবেষনা কার্যক্রমের সাথে সম্পর্কিত নয়।

গবেষকগন তথ্যসংগ্রহকারীদের প্রশিক্ষন দিবেন তথ্য সংগ্রহকারী লোকদের সম্ভাব্য বিভিন্ন প্রশ্নের সমাধান দিতে পারেন। এর কারন হচ্ছে তথ্য সংগ্রহকারী যিনি ফিল্ডে দৈনিক গবেষনার প্রতিনিধি হিসেবে সম্ভাব্য অংশগ্রহনকারী এবং সমাজের লোকজনদের সাথে কথা বলবেন। এটি গুরুত্বপূর্ন যে তথ্যসংগ্রহকারীকে প্রত্যেক ব্যক্তিকে তাদের প্রশ্ন ও উদ্বেগকে যথাযত সম্মান প্রদর্শন করতে হবে এবং তার সর্বোচ্চ চেষ্টা করতে হবে তার সমাধান দিতে।

একজন তথ্যসংগ্রহকারীকে হতে হবে ধৈর্যশীল যাতে তিনি যতদূর জানেন তার উপর অংশগ্রহনকারীর সকল প্রশ্নের উত্তর দিবেন। একজন তথ্যসংগ্রহকারী কখনোই এমন উত্তর দিবেন না যা তিনি জানেন না কারন সামগ্রিক ভাবে কোন উত্তর না দেয়ার চেয়ে ভুল উত্তর দেয়া বেশী খারাপ। আপনি যদি একজন তথ্যসংগ্রহকারী হন তবে এবং একজন অংশগ্রহনকারী আপনাকে প্রশ্ন করছেন যার যথাযত উত্তর আপনার জানা নেই তখন আপনি তাকে বলুন আমার কাছে যথাযত উত্তর জানা নেই আমি আমার সুপারভাইজারের কাছ থেকে জেনে আপনাকে জানাব। এটি খুব গুরত্বপূর্ন কারন এর মাধ্যমে অংশগ্রহনকারীকে সম্মান প্রদর্শন করা হয় এবং এটি নিশ্চিত করে যে অংশগ্রহনকারীর উপর ভিত্তি করে আপনি যে তথ্য দিয়েছেন তা সঠিক। যখন আপনি ভাববেন যে অংশগ্রহনকারীর আর কোন প্রশ্ন নেই তখন আপনি জিজ্ঞেস করুন "আপনার আর কোন প্রশ্ন আছে?" নিশ্চিত হওয়ার জন্য যে সকল প্রশ্নের সমাধান দেয়া হয়েছে। যদি আর কোন প্রশ্ন না থাকে তবে অগ্রসর হন।

2. Data Integrity (তথ্যের শুদ্ধতা)

a. Respect for the Science of the Study (গবেষনার প্রতি সম্মান প্রদর্শন)

তথ্য হচ্ছে গবেষণার "উৎপন্ন ফল"। সঠিক ভাবে তথ্য সংগ্রহ, নথিভুক্ত করা এবং সংরক্ষন করা অতি গুরুত্বপূর্ন। গবেষণার পরিকল্পনা অনুযায়ী গবেষণার প্রশ্নের উত্তর দিতে গবেষকগন এই তথ্য ব্যবহার করবেন। যদি তথ্য ভুল হয় তখন গবেষকগন যে উত্তর খুজছেন তাও ভুল হবে। গবেষনার ভুল ফলাফল মানুষের জীবন প্রভাবিত হতে পারে কারন গবেষণার উত্তর ভুল এবং পর ফলে পরবর্তী পদক্ষেপও ভুল হবে। তাই সবসময় সঠিক ভাবে তথ্য সংগ্রহ, নথিভুক্ত করা এবং সংরক্ষন করা অত্যন্ত গুরুত্বপূর্ন। যদি কখনও আপনি ভুল করেন আপনি অবশ্যই আপনার সুপারভাইজারকে সঠিক ভাবে জানাবেন যাতে করে গবেষকগন ও গবেষনার নেতৃত্বে যিনি আছেন তারা জানতে পারেন। তারা তখন সমস্যার সমাধান দিতে পারবেন বা তারা জানতে পারবেন কিছু তথ্য ব্যবহার যোগ্য নয়।

b. Collecting, Recording, and Storing Study Data *(গবেষণার তথ্য সংগ্রহ, নথিভুক্ত এবং সংরক্ষন)*

গবেষণার পরিকল্পনা থারা বুঝায় প্রকোল্পের উদ্দেশ্য এবং কিভাবে একটি গবেষনা দল সেই উদ্দেশ্য সম্পাদন করবে। তথ্য সংগ্রহ, নথিভুক্ত করার পদ্ধতির বিস্তারিত বিবরন এবং কিভাবে তা করতে হবে তা গবেষনার অপারেশন মানুয়েলে বিস্তারিত বিবরন লিপিবদ্ধ থাকবে। তথ্য সংগ্রহকারীকে অবশ্যই বুঝতে হবে সঠিক ভাবে কি ভাবে তথ্য সংগ্রহ করতে হবে এবং কি ভাবে তা নথিভুক্ত করতে হবে। গবেষণার নেতৃত্ব দানকারীরা তথ্যসংগ্রহকারীদের ও বিষয়ে প্রশিক্ষন দিবেন। যদি তথ্য সংগ্রহকারীর কোন প্রশ্ন থাকে তবে তিনি কোন ভয় না পেয়ে প্রশ্ন জিজ্ঞেস করবেন। সত্য হচ্ছে যদি তথ্য সংগ্রহকারী কোন প্রশ্ন না করেন তবে বুঝতে হবে তারা নিশ্চিত নয় কি ভাবে কাজ করতে হবে এবং তারা নিশ্চিত হতে পারবে না যে তথ্য তিনি সংগ্রহ করেছেন তা সঠিক কি না।

যখন প্রশিক্ষন শেষ হবে তখন তথ্য সংগ্রহকারী তার কাজ শুরু করবেন। ভালো তথ্য সংগ্রহ হচ্ছে নির্দেশ সঠিক ভাবে অনুসরন করা এবং তথ্য সংগ্রহের মিটি সঠিক ভাবে পূরন করা। সঠিক নথিভুক্তকরন হচ্ছে প্রশ্নের উত্তর লিখা হয়েছে সঠিক ও পরিষ্কার ভাবে। তথ্য সংগ্রহকারী অবশ্যই তথ্য সংগ্রহ করবেন সঠিক ভাবে ও সততার সাথে। অতিরিক্ত তথ্য যা তথ্য সংগ্রহের ফরমে নেই তা লিপিবদ্ধ করতে হবে না। যেমন, যদি "নাম" বা "ঠিকানা" লেখার কোন জায়গা না থাকলে তখন ও সকল তথ্য লিপিবদ্ধ করা যাবে না। কোন ধারনা বা কল্পনা প্রসুত তথ্য সংগ্রহ বা নথিভুক্ত করা যাবে না। তথ্যের সঠিক সংরক্ষন হচ্ছে সকল নিরাপত্তামুলক ব্যবস্থা নিতে হবে যখন ও তথ্য চুড়ান্ত সংরক্ষনের স্থানে সরবরাহ করা হবে। তথ্য সংগ্রহকারী তথ্য সংগ্রহের ফরম এমন স্থানে রাখবেন না যেখান থেকে তা হারিয়ে যেতে পারে বা চুরি, বা অন্য কেউ যিনি গবেষণার সাথে জড়িত নন তিনি তা পড়তে পারেন। তথ্য সংগ্রহের শীট যাকে সংরক্ষনের দায়িত্বে রাখা হয়েছে তাকে সরবরাহ করতে হবে এবং তিনি তথ্য গোপনীয়তা রক্ষা করার প্রয়োজনীয় পদক্ষেপ অনুসরন করবেন। যদি তথ্য ইলেকট্রনিক পদ্ধতিতে সংগ্রহ করা হয়ে থাকে তবে সে ক্ষেত্রে একই নিয়মে সৎ ভাবে, যত্নের সাথে সংরক্ষনের ব্যবস্থা নিতে হবে।

c. Deviations from Study Procedures *(গবেষনার কার্যপ্রনালী থেকে বিচ্যুতি)*

কখনও একজন তথ্য সংগ্রহকারী নিজের ভুল না হওয়া সত্ত্বেও গবেষনা কর্ম পদ্ধতি অনুসরন করতে পারেন না আবার কখনও তথ্য সংগ্রহকারীর ভুল হতে পারে। ও সমস্যা সম্পর্কে গবেষনার নেতৃবৃন্দকে জানানো অত্যন্ত গুরুত্বপূর্ন কারন গবেষণার নেতৃবৃন্দের দায়িত্ব হচ্ছে ও সকল সমস্যা ইন্সটিটিউশনাল রিভিউ বোর্ডকে জানানো। ও ধরনের সমস্যা রিপোর্ট করতে কোন লজ্জা নেই। ও সমস্যা সবসময়ই হতে পারে। এটি ভালো নয়, যদি তথ্য সংগ্রহকারী ও সমস্যা সম্পর্কে অবহিত করতে অপারগ হন কারন তিনি যদি মনে করেন এর মাধ্যমে তথ্য গুনগ্রাম পাবে বা অংশগ্রহনকারীর গবেষনায় সমস্যা হবে। এর দ্বারা গবেষনার সুপারভাইজার আইআর. বি তে রিপোর্ট দিতে অপারগ হবেন।

একজন ভালো তথ্য সংগ্রহকারী ও ধরনের সমস্যা তার সুপারভাইজারকে অবহিত করবেন এবং তিনি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবেন।